



ISO 9001, ISO 14001 &  
OHSAS 18001 Certified

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৯.১৮- ২৯৮৭

পৃষ্ঠা ৫  
১৪/৩/১  
শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ

১৪৬৭ ২৪।৩।১৮

কর্মচারী প্রশাসন পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২  
খিলক্ষেত, ঢাকা-১২২৯।  
ফোনঃ ৮৯০০৩৫৮।  
ই-মেইলঃ rebdpa@gmail.com

তারিখঃ ৩০ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ  
১৪ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

## নোটিশ

বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ রাজস্ব খাতভুক্ত 'লাইন নির্মাণ পরিদর্শক' পদে নিয়োগ প্রসঙ্গে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'লাইন নির্মাণ পরিদর্শক' এর ০৭টি শূন্য পদে উক্ত পদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের দ্বারা প্রস্তুতকৃত প্যানেল থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী ০৭ জন প্রার্থীকে নিয়োগের জন্য নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে:

০০১২৪	০০১৫৫	০০২৩৫	০০৪৫২	০০৬২৪	০০৬৫৬	০০৮০৮
-------	-------	-------	-------	-------	-------	-------

বাছাইকৃত প্রার্থীদের বরাবরে নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে।

### নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত লাইন নির্মাণ পরিদর্শক পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন ক্ষেত্রে ২০১৫ মোতাবেক ৮,৯৭০০-২৩৪৯০/= টাকা বেতনক্রমে (গ্রেড-১৫) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

- ০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী ততক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনুর্ধ্ব আরও ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চাকরি ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।
- ০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন করিবলৈকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সম্পরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিগুরুণ দাবী করতে পারবেন না।
- ০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বাস্তিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।
- ০৪। যোগদানের সময় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর মেডিকেল রিটেইনার বা কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপটেস্টের বিষয়টি পঞ্জোটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

(অং পঃ দ্রঃ/০২)

০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী আপনার চাকুরী নিয়ন্ত্রিত হবে।


০৬। চাকুরীতে যোগদান করার জন্য আপনাকে কোন দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

০৭। চাকুরীতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জাতীয়তা/নাগরিকত্ব সনদ-এর ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। তাছাড়া, নিখিত পরীক্ষার প্রবেশপত্র ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সঙ্গে আনতে হবে।

০৮। পুলিশ কর্তৃক আপনার চরিত্র ও প্রাক-পরিচয় যাচাই করা হবে। এতদবিষয়ক পুলিশ রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পরবর্তীতে আবেদনপত্রের তথ্য ভুল বা মিথ্যা বা বিকৃত প্রমাণিত হলে কোন কারণ দর্শনো ব্যতিরেকেই আপনাকে বোর্ডের চাকুরী হতে সরাসরি অপসারণ/বরখাস্ত করা হবে। সেক্ষেত্রে অত্র নিয়োগপত্র আপনার চাকুরী প্রাপ্তির দাবী প্রতিষ্ঠিত করবে না।

০৯। উপরি-উক্ত শর্তাবলীর সাথে সম্মত হলে আগামী ২১-০৩-২০১৯ খ্রি: তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা- ১২২৯-এ যোগদান করতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

**বিঃদ্র:** কোন প্রার্থীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে নিয়োগপত্র না পৌছালে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাগজাদিসহ যোগদানের জন্য ২১-০৩-২০১৯ খ্রি. তারিখ কর্মচারী প্রশাসন পরিদপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।

(  
মুহাম্মদ খালেদ হোসেন)  
পরিচালক  
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), বাপুবিবো, ঢাকা। → নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ২২-০৩-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপুবিবো, ঢাকা।
- ০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/ অর্থ/ বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপুবিবো, ঢাকা।

বিতরণঃ

০১। নোটিশ বোর্ড।

(  
মোঃ আব্দুল হাফিজ)  
উপ-পরিচালক (কর্ম-২)।